

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(প্রবন্ধ নিবন্ধের রূপভেদ, জীবনী, প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $2 \times 10 = 20$
- ক) প্রবন্ধ-এর সংজ্ঞাসহ দুটি বৈশিষ্ট্য লেখো।
- খ) পত্রসাহিত্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
- গ) রম্যরচনার দুটি উদাহরণ লেখো।
- ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি ভ্রমণসাহিত্যের নাম লেখো।
- ঙ) বাংলা ভাষায় রচিত দুটি সার্থক জীবনীসাহিত্যের উদাহরণ দাও।
- চ) প্রথম ডায়েরী লেখা কবে শুরু হয় এবং লেখক কে?
- ছ) 'আমার জীবন' গ্রন্থটির প্রস্তাবনা অংশটি কে কবে লেখেন?

(পরের পাতায়)

- জ) 'আমি ঐ কড়ি আনিয়া নানাবিধ জিনিস তৈয়ার করিতে আরম্ভ করিলাম।' — কে কড়ি দিয়ে কী কী জিনিস বানিয়েছিলেন?
- ঝ) 'আমার জীবন' গ্রন্থটির প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগ-এ কতগুলি রচনা লিপিবদ্ধ হয়েছে?
- ঞ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির প্রবন্ধগুলি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়?
- ট) 'সেইখানে আমার মন পড়িয়া থাকিত।' — কোনখানে কার মন পড়ে থাকত?
- ঠ) 'আমার মন' প্রবন্ধের কয়টি অংশ ও কী কী?
- ড) 'এক্ষণে কালগর্ভে নিহিতা।' — কে কখন কালগর্ভে নিহিত?
- ঢ) 'সদ্য গাছ হইতে পাড়িয়া এ ফল খাইতে নাই' — কোন গ্রন্থে কোন ফলের কথা বলা হয়েছে?
- ণ) 'অনাহারে মরিবার জন্যে পৃথিবীতে কেহ আসে নাই।' — কোথায় কেন মন্তব্যটি করা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) ব্যক্তিগত প্রবন্ধ ও বস্তুগত প্রবন্ধের পার্থক্যগুলি উদাহরণসহ লেখো।
- খ) জীবনীসাহিত্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- গ) 'আমার জীবন' গ্রন্থে লেখিকার জীবনে শিক্ষার জন্য আগ্রহ এবং ধর্মভাব কীভাবে সম্পৃক্ত তা আলোচনা করো।
- ঘ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবীর জীবন অবলম্বনে তৎকালীন নারীসমাজের চিত্র বর্ণনা করো।

ঙ) 'একা' প্রবন্ধে লেখক যে একাকীত্বের যন্ত্রণা ব্যক্ত করেছেন তা আলোচনা করো।

চ) 'পরিহাসের আবরণে সুগভীর তত্ত্ব পরিবেশন-ই কমলাকান্তের আসল উদ্দেশ্য' — 'আমার মন' প্রবন্ধে অবলম্বনে তার পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'আমার জীবন' গ্রন্থে বিধৃত সমাজ বাস্তবতার পরিচয় দাও।

খ) রম্যরচনা বলতে কী বোঝায়? একটি সার্থক রম্যরচনা উদাহরণসহ বিশ্লেষণ করো।

গ) 'ডায়েরী' বলতে কী বোঝ? ডায়েরীধর্মী রচনার বিশেষত্ব লেখো। যে-কোনো একটি ডায়েরীধর্মী রচনার আলোকে ব্যাখ্যা করো। ২+৪+৪=১০

ঘ) 'মনুষ্যফল' প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো।